

আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন  
জেলা: বান্দরবান

		
		
<p>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</p>		
তারিখ : (২০ অক্টোবর, ২০১৯) বুলেটিন নং ৮৬		২০ অক্টোবর হতে ২৪ অক্টোবর, ২০১৯ পর্যন্ত কৃষি আবহাওয়া বিষয়ক বুলেটিন

গত ৪ দিনের আবহাওয়া পরিস্থিতি ১৬ অক্টোবর হতে ১৯ অক্টোবর, ২০১৯ তারিখ পর্যন্ত

আবহাওয়ার স্থিতিমাপ(প্যারামিটার)	১৬ অক্টোবর	১৭ অক্টোবর	১৮ অক্টোবর	১৯ অক্টোবর	সীমা
বৃষ্টিপাত (মি.মি)	০.০	০.০	০.০	০.০	০.০-০.০ (০.০)
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩৩.৫	৩৩.২	৩৪.২	৩৪.৫	৩৩.২-৩৪.৫
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৪.৬	২৬.০	২৬.৫	২৬.৫	২৪.৬-২৬.৫
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৫৮.০-৯৬.০	৬৭.০-৯৬.০	৬২.০-৯৭.০	৬২.০-৯৭.০	৫৮.০-৯৭.০
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	৩.৭	০.০	১.৯	১.৯	০.০-৩.৭
মেঘের পরিমাণ (অঙ্ক)	৬	৩	৩	৩	৩-৬
বাতাসের দিক	উত্তর/উত্তর-পূর্ব	উত্তর/উত্তর-পূর্ব	উত্তর/উত্তর-পূর্ব	উত্তর/উত্তর-পূর্ব	উত্তর/উত্তর-পূর্ব

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ০৫ দিনের আবহাওয়া পূর্বাভাস  
( ২০ অক্টোবর হতে ২৪ অক্টোবর, ২০১৯) তারিখ পর্যন্ত

আবহাওয়ার স্থিতিমাপ(প্যারামিটার)	সীমা
বৃষ্টিপাত (মি.মি)	০.০-৭.৩ (১১.৬)
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৯.৪-৩১.০
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২০.৯-২২.৮
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৫৬.০-৯৭.০
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	৩.১-৫.০
মেঘের পরিমাণ (অঙ্ক)	আংশিক মেঘাচ্ছন্ন
বাতাসের দিক	উত্তর/উত্তর-পূর্ব

## দড়ায়মান ফসলের স্তর

ফসল	স্তর
আমন ধান	কাইচ খোর থেকে ফুল পর্যায়
সবজি	বাড়ন্ত/ফল পর্যায়

### কৃষি আবহাওয়া পরামর্শ:

### সাধারণ পরামর্শ:

- মৌসুমী বায়ু বিদায় নিয়েছে। পরিপক্ক ফসল সংগ্রহ করুন।
- রবি ফসল বপন করার আগে জমি পরিষ্কার করে জৈব সার প্রয়োগ করুন।
- রাতের তাপমাত্রা কমে আসছে। নিউমোনিয়া থেকে সুরক্ষায় সকালে ও সন্ধ্যায় দুগ্গবতী গাভী ও বাছুরকে চটের বস্তা দিয়ে ঢেকে দিন।

### আমন ধান :

- সেচ দিন, কাইচ খোর থেকে ফুল পর্যায় পর্যন্ত জমির পানির স্তর ২-৫ সেমি রাখুন।
- নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন। মাজরা পোকা, পাতা মোড়ানো পোকা, বাদামী গাছ ফড়িং এর আক্রমণ থেকে রক্ষার জন্য আলোক ফাঁদ ব্যবহার করুন।
- পাতা মোড়ানো পোকাকার আক্রমণ দেখা দিলে প্রতি লিটার পানিতে ১.৫ মিলি ক্লোরোপাইরিফস মিশিয়ে স্প্রে করুন।
- খোল পোড়া রোগ দেখা দিলে প্রতি লিটার পানিতে ০.৭৫ মিলি কোপিকোনাজল মিশিয়ে স্প্রে করুন।
- মাজরা পোকাকার আক্রমণ দেখা দিলে প্রতি লিটার পানিতে ১.৫ মিলি ট্রাইএজোফস মিশিয়ে স্প্রে করুন।
- ব্যাকটেরিয়া জনিত পাতা পোড়া রোগ দেখা দিলে স্ট্রেপ্টোসাইক্রিন ( প্রতি লিটার পানিতে .৫ গ্রাম) ও ব্লিটস্ম ( প্রতি লিটার পানিতে ২.৫ গ্রাম) এর মিশ্রণ তৈরি করে প্রয়োগ করুন। ছত্রাকজনিত পাতা পোড়া রোগ দেখা দিলে প্রতি ১০ লিটার পানিতে ৫-৬ গ্রাম হারে ট্রাইসাইক্লোজল মিশিয়ে স্প্রে করুন।
- বাদামী দাগ রোগ দেখা দিলে প্রতি লিটার পানিতে ২.৫ গ্রাম ম্যানকোজেব বা ১ মিলি এডিফেনফস বা ১ গ্রাম কার্বেন্ডাজিম মিশিয়ে স্প্রে করুন।
- খোড় পর্যায়ে ব্লাস্ট রোগ নিয়ন্ত্রনে এডব্লিউডি পদ্ধতি অনুসরণ করুন। প্রতিরোধ ব্যবস্থা হিসেবে প্রতি লিটার পানিতে ০.৫ গ্রাম হারে ট্রাইসাইক্লোজল ৭৫% ডব্লিউপি মিশিয়ে স্প্রে করুন ( আগে স্প্রে করে না থাকলে)। কার্যকর রোগ নিয়ন্ত্রনে বেলা ৩.০০ টার পর বালাইনশাক স্প্রে করুন। রোগের মাত্রা অনুযায়ী ১০-১২ দিন পর পর স্প্রে করতে হবে।

### সবজিঃ

- বীজতলায় টমেটো, বেগুন, মরিচ ও ক্যাপসিকামি লাগানোর প্রস্তুতি নিন। প্রতি কেজি বীজে ২ গ্রাম থিরাম দিয়ে বীজ শোধন করতে হবে।
- চাষের জন্য শীতকালীন সবজি যেমন ফুলকপি, বাধাকপি প্রভৃতির আগাম জাত বেছে নিন।
- শশা জাতীয় সবজিতে ডাউনি মিলডিউ রোগ নিয়ন্ত্রনের জন্য প্রতি ১০ লিটার পানিতে ২০ গ্রাম হারে রিডোমিল এম জেড ৭২ মিশিয়ে স্প্রে করুন।
- সবজির মাছি পোকা আক্রমণ করলে আক্রান্ত ফল সংগ্রহ করে ধ্বংস করে ফেলতে হবে। বিশেষ ধরনের ফেরোমন ফাঁদ ব্যবহার করুন।
- পেপের ছাতরা পোকা আক্রমণ করলে আক্রান্ত অংশ/গাছ তুলে নিয়ে পুড়িয়ে ফেলতে হবে। কাছাকাছি পিপড়ার ডিবি থাকলে ধ্বংস করতে হবে।

### উদ্যান ফসলঃ

আবহাওয়ার বর্তমান অবস্থা বিভিন্ন উদ্যান ফসল যেমন পেপে, আম, কলা পেয়ারা ইত্যাদি লাগানোর জন্য পরামর্শ। কাজেই এসব অবিলম্বে লাগানোর জন্য পরামর্শ দেওয়া হলো।

### গবাদী পশু ও হাঁসমুরগীঃ

- গবাদী পশু ও হাঁসমুরগীকে নিয়মিত টিকা দিন। গোয়াল ঘরের চালা ও মেঝে পরিষ্কার রাখুন।
- গবাদী পশুকে কৃমিনাশক দিন।
- সুস্বাদু খাবার খাওয়ান।

### মৎস্যঃ

পুকুরে অক্সিজেন ঘাটতি দেখা দিলে-

- পিএইচ দেখে প্রয়োজন অনুযায়ী চুন প্রয়োগ করুন।
- পুকুরের তলদেশে দেখে জলজ আগাছা তুলে ফেলুন।
- চারপাশের ঘোপঝাড় পরিষ্কার করুন।
- পুকুরের পানি নেড়ে দিন।
- রোদ্রজ্বল দিনে খাবার দিন।